

# 50 বছরে রাষ্ট্রযন্ত্রকে এইভাবে পচতে দেখিনি : জহর সরকার

ETV Bharat

**কলকাতা, 16 এপ্রিল:** আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের গণ কনভেনশনে যোগ দিয়ে সরকারের বিরুদ্ধে বিস্ফোরক জহর সরকার। বুধবার এই গণ কনভেনশনে নিজেদের আন্দোলনের এতদিনের হিসাব তুলে ধরেন জুনিয়র চিকিৎসকরা। সেই কর্মসূচিতেই এদিন উপস্থিত ছিলেন রাজ্যের প্রাক্তন আমলা ও তৃণমূল সাংসদ জহর সরকার। সেখানে তিনি জুনিয়র চিকিৎসকদের আন্দোলন থেকে শুরু করে বর্তমানে শিক্ষকদের চাকরি বাতিল, সব কিছু নিয়েই মুখ খোলেন। এর পাশাপাশি সরকারের বিরুদ্ধে একাধিক মন্তব্য শোনা যায় প্রাক্তন সাংসদের মুখে।

এদিনের কর্মসূচিতে যোগ দিয়ে জহর সরকার বলেন, "ছাত্র আন্দোলন করতে করতে আমার দাদা বলেছিল আমি আইএএস অফিসার হয়েছি। তখন থেকে আমি ব্যারিকেডের উল্টো দিকে চলে গেলাম। ফলে আমি ব্যারিকেডের দুই দিকটাই জানি। এই রাজ্যটি সাংঘাতিক ক্রাইসিসের মধ্যে দিয়ে চলছে। এমার্জেন্সি সময় থেকে আজকে পর্যন্ত প্রায় পঞ্চাশ বছর ধরে আমি দেখছি। 50 বছরে আমি কখনও দেখিনি রাষ্ট্রযন্ত্রকে এইভাবে পচে যেতে।"

তিনি আরও বলেন, "আমরা যখন ঢুকেছিলাম সেই সময়ও চুরি হত। রাজনৈতিক দল চালানোর জন্য রাজনৈতিক ব্যক্তিত্বেরও টাকা নিত। কিন্তু আপাদমস্তক চোরের দল আমি কখনও দেখিনি। এখন আমায় সবাই প্রশ্ন করে আমি এতদিন ওদের সঙ্গে ঘর করলাম কেন? কিন্তু আমি কি সত্যি ঘর করেছি? আমি সাম্প্রদায়িকতার বিরোধিতা করব। তবে 3 বছর আমি বাংলার হয়ে বলেছি। কিন্তু পার্থ চট্টোপাধ্যায়ের দুর্নীতির সময় থেকে আমি আমার কথা স্পষ্ট করে বলে এসেছি।"

শিক্ষকদের চাকরি বাতিল প্রসঙ্গে তিনি বলেন, "শিক্ষক আন্দোলন অন্য কিছু নয়। একই অন্যায়ে বিরুদ্ধে তারা বিভিন্ন রূপ। যোগ্য ও অযোগ্য খুঁজে পাওয়া যায় না এই ন্যাকামোটা আমায় কেউ বলবে না। প্রশাসনের কোথায় কী সমস্যা সেটা আমি জানি। সুপার নিউমেরিক পোস্ট কেন চালু করা হয়েছে? দরকারে মানুষ নোটায় ভোট দেবে।"

এদিন তিনি জুনিয়র চিকিৎসকদের বার্তা দেন তাঁরা যাতে চাকরিহারা যোগ্য শিক্ষকদের পাশে দাঁড়ান। তাঁর কথায়, "আমি এই জুনিয়র চিকিৎসকদেরকে বলব তারা যেন এই শিক্ষকদের সঙ্গে থাকে। যোগ্য শিক্ষকেরা যাতে এই জুনিয়র চিকিৎসকদের সাহায্য পেয়ে লড়াই করতে পারে।"

- [শিক্ষকদের উপর লাঠি ভালোভাবে দেখছেন না জহর সরকার, বলছেন চোরের উপর বাটপারি](#)

## সম্বন্ধীয় প্রতিবেদন